গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৮২.০১১.০০৮.২০১৯- ৭৬০

তারিখ ২৮ আশ্বিন ১৪২৬
১৩ অক্টোবর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর কার্যালয়ের রাজস্ব খাতভুক্ত শূন্য পদের বিপরীতে নিম্নোক্ত স্থায়ী/অস্থায়ী পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণকে আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ০১ | গাড়ীচালক | ০৮ (আট) টি | ৯,৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | অষ্টম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা। | নোয়াখালী, জামালপুর, ময়মনসিংহ, গোপালগঞ্জ, পিরোজপুর, জয়পুরহাট, পাবনা, নেত্রকোণা, ভোলা, সিরাজগঞ্জ, রাজবাড়ী, মাগুরা, মেহেরপুর, রাঙ্গামাটি, ঝিনাইদহ, মানিকগঞ্জ, নড়াইল, ফরিদপুর, ফেনী ও চাঁদপুর। তবে কেবলমাত্র মুক্তিযোদ্ধার পোষ্য, এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহায়ক | ০৭ (সাত) টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | নেত্রকোণা, গোপালগঞ্জ, চুয়াডাঙ্গা, ঝালকাঠি ও ফরিদপুর। তবে কেবলমাত্র মুক্তিযোদ্ধার পোষ্য, এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

চলমান পাতা-২

Recruitment letter 2018-19

নিয়োগের শর্তাবলীঃ

০১। আবেদনপত্রের সফটকপি প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইট www.pmo.gov.bd হতে ডাউনলোড করে তা স্বহস্তে পূরণ করতে হবে।

০২। পূরণকৃত আবেদনপত্র পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে। ডাকযোগ ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।

০৩। প্রার্থীর বয়সসীমা ০১ অক্টোবর ২০১৯ তারিখে ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে ঃ

ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ

খ. নাগরিকত্ব সনদ

গ. জাতীয় পরিচয়পত্র

ঘ. গাড়ীচালকদের ক্ষেত্রে ভারী ড্রাইভিং লাইসেন্স

ঙ. অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

চ. সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি

০৫। বিভাগীয় ও সরকারি, আধা সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্র প্রদর্শন করতে হবে।

০৬। বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৭। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হলে তার বক্তব্যের স্বপক্ষে নিম্নোক্ত সনদ/কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

ক. মুক্তিযোদ্ধা সনদ এর সত্যায়িত ফটোকপি

খ. বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র, জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে বা নিয়োগ প্রক্রিয়ায় যে কোন অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। আবেদনপত্রের সাথে পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা বরাবর (ক্রমিক ১ এর প্রার্থীদের জন্য ১০০/- টাকা এবং ক্রমিক ২ এর প্রার্থীদের জন্য ৫০/- টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে (কোড নং-১-০৩০১-০০০২-২০৩১)-এ বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।

১০। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ৩১ অক্টোবর ২০১৯। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১১। পদ খালি হওয়া সাপেক্ষে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। অসমাপ্ত ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে (www.pmo.gov.bd) পাওয়া যাবে।

( মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি )
পরিচালক (প্রশাসন)
☏: +৮৮০-২-৫৫০২৯৪৩৫
E-mail: section.dir15@pmo.gov.bd

## আবেদনপত্রের নির্ধারিত ছক

| | | |
|---|---|---|
| ০১ | পদের নামঃ | |
| ০২ | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ |
| ০৩ | প্রার্থীর নামঃ | |
| | বাংলায়ঃ | |
| | ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ | |
| ০৪ | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | |
| ০৫ | জন্ম তারিখঃ | |
| ০৬ | জন্মস্থান (জেলা)ঃ | |
| ০৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে বয়সঃ | |
| ০৮ | মাতার নামঃ | |
| ০৯ | পিতার নামঃ | |
| ১০ | ঠিকানা (বর্তমান)ঃ | ঠিকানা (স্থায়ী)ঃ |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | |
| | ডাকঘরঃ | |
| | পোষ্টকোড নম্বরঃ | |
| | উপজেলাঃ | |
| | জেলাঃ | |
| ১১ | যোগাযোগঃ মোবাইল/টেলিফোন নম্বরঃ | ই-মেইল (যদি থাকে)ঃ |
| ১২ | জাতীয়তাঃ | |
| ১৩ | জেন্ডারঃ | |
| ১৪ | ধর্মঃ | |
| ১৫ | বর্তমান পেশাঃ | |
| ১৬ | শিক্ষাগত যোগ্যতাঃ | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | |
|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণঃ | |
| ১৯ | কোটা (টিক দিন)ঃ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/পুত্র-কণ্যার পুত্র কন্যা/ | এতিম/শারীরিক প্রতিবন্ধী (টিক দিন)ঃ হ্যাঁ/না |
| | ক্ষুদ্র নৃগোষ্ঠী (টিক দিন)ঃ হ্যাঁ/না | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য (টিক দিন)ঃ হ্যা/না |
| | অন্যান্য যদি থাকে (উল্লেখ করুন)ঃ | |
| ২০ | ব্যাংক ও চালান নম্বরঃ | তারিখঃ |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ হ্যাঁ/না/প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য/মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রদানের সপক্ষে সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করবো। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর